আলমডাঙ্গা এপিএল ক্রিকেট টুর্নামেন্টে থানা পুলিশ টিমের জয়

আলমডাঙ্গা পৌর এলাকার বিটীম মাঠে গতকাল বৃহস্পতিবার দুপুরে অনুষ্ঠিত প্রীতি ক্রিকেট টুর্নামেন্টে আলমডাঙ্গা থানা পুলিশ এবং এপিএল আলমডাঙ্গা ফ্রাঞ্চাইজি মুখোমুখি হয়। প্রথমে ব্যাট করে আলমডাঙ্গা থানা পুলিশ ৫ উইকেটে ১৪১ রান সংগ্রহ করে। জবাবে এপিএল আলমডাঙ্গা ৯ উইকেট হারিয়ে ১২১ রান করতে সক্ষম হয়।

খেলায় আলমডাঙ্গা থানা পুলিশ বিজয়ী হিসেবে উঠে আসে। আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ মোঃ মাসুদুর রহমান পিপিএম বলেন, “শরীর ও মনকে সুস্থ ও সবল রাখতে খেলাধুলার কোন বিকল্প নেই। এই খেলার মাধ্যমে আমরা আলমডাঙ্গাবাসীকে দেখাতে চাই, যদি আমাদের যুবকদের খেলাধুলার দিকে নিয়ে আসা যায়, তারা সুস্থ দেহ ও মন পাবে এবং মাদক থেকে দূরে থাকবে।”

তিনি আরও জানান, “দীর্ঘদিন ধরে আলমডাঙ্গা থানা পুলিশ অক্লান্ত পরিশ্রম করে আইনশৃঙ্খলা রক্ষার কাজ করে চলেছে। সদস্যদের শারীরিক ও মানসিক একঘেয়েমি দূর করার জন্য প্রীতি ক্রিকেট টুর্নামেন্টের মতো আয়োজন করা হয়। সামনে পূজা এবং নির্বাচনকে সামনে রেখে অফিসার ফোর্সের মনোবল চাঙ্গা রাখতে এ ধরনের বিবিধ আয়োজন চলমান থাকবে।” এ দিনের খেলা শুধু ক্রিকেটের মজা দেয়নি, পাশাপাশি পুলিশের সামাজিক ভাবমূর্তিকে আরও উজ্জ্বল করেছে এবং যুবকদের খেলাধুলার মাধ্যমে সুস্থ ও নৈতিক জীবনের প্রতি উদ্বুদ্ধ করেছে।

আশরাফপুরে মরহুম ফারুক হুসাইন

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

[redacted]

[

হরিণাকুণ্ডুতে মেয়র কাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

বর্ণাঢ্য আয়োজনে ঝিনাইদহে মেয়র কাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৬ জানুয়ারি) দুপুরে হরিনাকুন্ডু পৌরসভার আয়োজনে পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে টুর্নামেন্টের উদ্বোধন করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। সে সময় উপজেলা নির্বাহী অফিসার আক্তার হোসেন, পৌর মেয়র ফারুক হোসেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, হরিণাকুন্ডু থানার অফিসার ইনচার্জ জিয়াউর রহমান, প্যানেল মেয়র সিদ্দিকুর রহমান সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

খেলায় পৌরসভার ১০টি দল দুটি গ্রুপে বিভক্ত হয়ে অংশ নিবে। উদ্বোধনী ম্যাচে ১৫ ওভারের খেলায় পৌরসভার ১ নং ওয়ার্ড ও ৩নং ওয়ার্ড অংশ নেয়। মাদক ও মোবাইল গেমস থেকে বর্তমান প্রজন্মকে দূরে রাখতে এমন ধরণের আয়োজন বলে জানান আয়োজকরা।

দামুড়হুদায় ভাষা শহীদের স্মরণে এমআর লজিস্টিকস ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

দামুড়হুদায় ভাষা শহীদের স্মরণে এমআর লজিস্টিকস ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। দামুড়হুদার ঐতিহ্যবাহী ইয়াংস্টার ক্রিকেট ক্লাবের ২৫ বছর পূর্তী উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা ফুটবল অ্যাসোসিয়েশন (ডিএফএ) সভাপতি পদপ্রার্থী দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের সভাপতি এমআর লজিস্টিকস বিডি লিমিটেডের

ব্যবস্থাপনা পরিচালক এখলাছ উদ্দীন সুজনের পৃষ্ঠপোষকতায় শুক্রবার বিকেলে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে টুর্নামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের সভাপতি এমআর লজিস্টিকস বিডি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এখলাছ উদ্দীন সুজনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী।

দামুড়হুদা ইয়াং স্টার ক্লাবের আয়োজনে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, দামুড়হুদা ইয়াংস্টার ক্লাবের সভাপতি ও প্রধান পৃষ্ঠপোষক এমরাজ উদ্দিন খোকন ও দামুড়হুদা প্রেসক্লাবের অর্থ সম্পাদক শমশের আলী।

দামুড়হুদা নিউ স্টার ক্লাব বনাম মোক্তারপুর ক্রিকেট একাদশের মধ্যে টুর্নামেন্টের উদ্বোধনী খেলা অনুষ্ঠিত হয়। টর্সে জিতে দামুড়হুদা নিউ স্টার ক্লাব প্রথমে ব্যাট করতে নেমে নির্ধারিত ১৪ ওভারে ৭ উইকেট হারিয়ে ৮২ রান সংগ্রহ করে। ৮৩ রানের টার্গেটে ব্যাট করতে নেমে মোক্তারপুর ক্রিকেট একাদশ ১৩ ওভার ২ বলে সবকটি উইকেট হারিয়ে মাত্র ৫৮ রান সংগ্রহ করে। ফলে দামুড়হুদা নিউ স্টার ক্লাব ২৪ রানে জয়লাভ করে। দামুড়হুদা নিউ স্টার ক্লাবের খেলোয়াড় জয় (গাংনী, মেহেরপুর) ৩ ওভার বল করে মাত্র ৪ রানের খরচায় ৩ উইকেট নিয়ে ম্যান অফ দি ম্যাচ নির্বাচিত হন।

খেলায় আম্পায়ার ছিলেন আবুল বাশার ও মুকিত আহম্মেদ। ধারাভাষ্য দেন ইমরান নাজির লিটন। স্কোরার ছিলেন মোস্তাফিজুর রহমান। আজ শনিবার একই সময় একই মাঠে এমআর লজিস্ট্রিকস বনাম স্টুডেন্ট কেয়ার কোচিং সেন্টার ক্রিকেট একাদশের মধ্যে টুর্নামেন্টের ২য় খেলা অনুষ্ঠিত হবে।

দামুড়হুদায় স্পোটিং ক্লাব কতৃক আয়োজিত ক্রিকেট টুর্নামেন্টর ফাইনাল খেলা অনুষ্ঠিত

দামুড়হুদায় দশমী স্থানীয় পাড়া স্পোটিং ক্লাব কতৃক আয়োজিত ক্রিকেট টুর্নামেন্টর ফাইনাল খেলা ও পুরুষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকাল ১০ টায় দামুড়হুদা দশমী স্থানীয় পাড়া স্পোটিং ক্লাব কতৃক ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করা হয়। টুর্নামেন্টে তিনটি দল অংশগ্রহণ করেন দশমী স্থানীয় পাড়া, বনানী পাড়া ও পলাশী পাড়া একাদশ অংশগ্রহণ করে। খেলায় দশমী স্থানীয় পাড়া একাদশ চ্যাম্পিয়ন ও পলাশী পাড়া একাদশ রানার আপ হয়।

খেলায় অ্যাম্পায়ার ছিলেন নাঈম হাসান মন্ডল। খেলা শেষে চ্যাম্পিয়ন ও রানারআপ দলের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়। পুরুষ্কার বিতরণ করেন দশমী স্থানীয় পাড়া ক্লাবের প্রতিষ্ঠা সভাপতি শেখ হাফিজুর শামসের। তিনি বলেন মাদকের ভয়াল থাবা থেকে যুব সমাজকে বাচাঁতে হলে খেলাধুলার বিকল্প নেই, তাই আমাদের সকলকে খেলাধুলার প্রতি মনোনিবেশ করতে হবে।

এসময় আরো উপস্থিত ছিলেন সিনিয়র সহ-সভাপতি সাইফুল ইসলাম, সহ-সভাপতি আলামিন হক টনি, সাধারণ সম্পাদক নাঈম হাসান মন্ডল, যুগ্ম সম্পাদক আবদুল করিম,সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজ মুগ্ধ, বহিঃ সম্পর্ক বিষয়ক সম্পাদক সিজান পারভেজ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আলিফ মাহমুদ জীবন।

দর্শনায় ক্রিকেট টুর্নামেন্ট ডিপিএল’র উদ্বোধন

“খেলা ধুলায় মনোনিবেশ করি, মাদকমুক্ত সমাজ গড়ি” এই শ্গালোগানকে সামনে রেখে দর্শনা পৌর মাঠে দর্শনা প্রিমিয়ার লীগের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান, দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি মাহাফুজুর রহমান মনজু।

শুক্রবার বিকাল ৩ টার দিকে দর্শনা খেলাঘরের আয়োজনে ডিপিএলে’র উদ্বোধনী ম্যাচে অংশ নেয় টাইগার ক্লাব একাদশ ও শান্তিনগর একাদশ। ১২ ওভারের এ ম্যাচে টাইগার ক্লাবকে ৮ উইকেটে হারিয়ে বিজয়ী হয়েছে শান্তিনগর একাদশ। খেলা পরিচালনা করেন, টিটু, সুলভ দাস ও সাজু।

উদ্বোধনী খেলায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, শিক্ষক নেতা হারুন জুয়েল, দামুড়হুদা উপজেলা যুবলীগের সহসম্পাদক আ. মান্নান খান, দর্শনা পৌর যুবলীগের সাধারণ সম্পাদক শেখ আসলাম আলী তোতা প্রমুখ।